

পরিকল্প নং- ৪০৯
(আই ডি পি এস)

ভূমিকা : বাংলাদেশের ৮৫ শতাংশ মানুষই মুসলমান অথচ এদেশের বর্তমান অর্থ ব্যবস্থায় অদ্যাবধি পাশ্চাত্য ধাচে সুদ ভিত্তিক বাজার অর্থনীতি প্রচলিত রয়েছে। ইসলামী সমাজ ব্যবস্থায় সুদ বিহীন বিনিয়োগে উৎসাহিত করা হয়েছে। ফলে ধর্মপ্রাণ মুসলিম জনগনের বিনিয়োগে ও অর্থ সঞ্চয়ের যথেষ্ট আগ্রহ থাকা সত্ত্বেও তারা ধর্মীয় অনুশাসনের বাইরে দেশের প্রচলিত অর্থ ব্যবস্থায় সঞ্চয় বা বিনিয়োগ করতে পারছেন না। এতে একদিকে ধর্মপ্রাণ মুসলিম জনগোষ্ঠী সঞ্চয় ও বিনিয়োগের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ইসলামী সমাজ ব্যবস্থা পরনির্ভরশীলতার কোন সুযোগ না থাকায় ভবিষ্যতের জন্য সঞ্চয়ের সাথে সাথে আর্থিক নিরাপত্তা বিধান অত্যন্ত জরুরী। বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে তাই দেশের আপামর জনগোষ্ঠীর ভবিষ্যৎ সঞ্চয়সহ আর্থিক নিরাপত্তা বিধানকল্পে অনেক পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে সুদমুক্ত জীবন বীমা বিস্তারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বলা বাহুল্য আমাদের দেশের অধিকাংশ লোকই স্বল্প কিংবা সীমিত আয়ের নিম্ন মধ্যবিত্ত অথবা নিম্নবিত্ত।

এ সকল লোকের ধর্মীয় প্রতিবিধান অনুযায়ী মাসিক ভিত্তিতে সঞ্চয় ও ভবিষ্যত আর্থিক নিরাপত্তা নিশ্চিতকরণের মাধ্যমে জীবন যাত্রার মান উন্নয়নের জন্য প্রগতি লাইফ ইস্যুরেন্স লিমিটেড ইসলামী ডিপোজিট পেনশন স্কীম (আইডিপিএস) প্রকল্পের অধীনে বহুমুখী জীবন বীমা ব্যবস্থার প্রচলন করেছে। আমরা আশা করি প্রচলিত জীবন বীমার প্রতি অনাগ্রহী ও ধর্মপ্রাণ মুসলিম নারী-পুরুষ নির্বিশেষে যুবক, মধ্য বয়স্ক ও পরিণত বয়স্কদের জন্য একটি অনন্য গ্রহণযোগ্য ও জনপ্রিয় বীমা ব্যবস্থা হিসাবে আমাদের আইডিপিএস সাফল্য অর্জন করবে ইনশাআল্লাহ।